দৈনিক ইত্তেফাক

6

তারিখ 06 DEC 1998
পৃষ্ঠা ৩ কলাম ৪

# বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের বেতনের সরকারী অংশ ব্যাংকে হস্তান্তর

বেসরকারী স্কুল, কলেজ ও মাদ্রাসা এবং বেসরকারী এইচএসসি (ভোকেশনাল ও ব্যবসায় ব্যবস্থাপনা) এর শিক্ষক/কর্মচারীদের অক্টোবর

(৮ম পৃ: দ্র:)

## বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের

( ৩য় পৃ: পর )

'৯৮ মাসের বেতন-ভাতার সরকারী অংশ বাবদ ১৩৫ (একশত পঁয়ত্রিশ) কোটি ২৭ (সাতাশ) লাখ ৮ (আট) হাজার ৭২৯ (সাতশ উনত্রিশ) টাকার চেক গত বৃহস্পতিবার বন্টনকারী জনতা, অগ্রণী, রূপালী ও সোনালী ব্যাংক কর্তৃপক্ষের কাছে হস্তান্তর করা হইয়াছে। আগামী ১৭ ডিসেম্বরের মধ্যে সংশ্লিষ্ট শাখা ব্যাংক হইতে এই টাকা উত্তোলনের জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদেরকে অনুরোধ করা হইয়াছে। কোন কারণে যে সব শিক্ষা প্রতিষ্ঠান বা শিক্ষক-কমচারী চলতি বছরের (১৯৯৮-৯৯) পূর্ববর্তী মাসের (জুন '৯৮-সেপ্টেম্বর '৯৮) টাকা নির্ধারিত সময়ের মধ্যে উত্তোলন করিতে পারেন নাই তাহারাও ব্যক্তিগত ব্যাংক একাউন্টের মাধ্যমে উক্ত সময়ের মধ্যে তাহা উত্তোলন করিতে পারিবেন। —তথ্য বিবরণী